নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১
NOAGAON PALLI BIDYUT SAMITY-1

সদর দপ্তর
চকবিরাম, নওগাঁ।
টেলিফোন: ০৭৪১-৬২৫৬
E-Mail:naogaonpbs1@gmail.com

স্মারক নং-২৭.১২.৬৪০০.৫৩৬.০১.০৩৮.২২. ১৪৮৩

তারিখঃ ০৫-০৪-২০২২ খ্রিঃ।

**"পিকআপ গাড়ী ঢাকা মেট্রো-ঠ-১৩-২৩৭৫ মেরামত করণের জন্য কোটেশন প্রদানের পুনঃ অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)"**

প্রতি,

--------------------------------------

১. নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতায় নিয়ামতপুর জোনাল অফিসের পিকআপ গাড়ী(Toyota Hilux Single Cabin) ঢাকা মেট্রো-ঠ-১৩-২৩৭৫ মেরামত করনের জন্য বাংলাদেশের সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রকৃত গাড়ী মেরামতকারী ওয়ার্কসপ/ সরবরাহকারী/প্রস্তুতকারী/বাপবিবোর্ডের তালিকাভুক্ত প্রতিষ্ঠানপ্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবানকরা যাচ্ছে।

২. পিকআপ গাড়ী মেরামত করনে ইচ্ছুক সকল কোটেশন দাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পন্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ,ডিজাউন, নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদ সঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www. pbs1.naogaon.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) জেনারেল ম্যানেজার, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ ,চকবিরাম, নওগাঁ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ১১-০৪-২০২২ খ্রিঃ তারিখ এবং সময় ১১:৩০ ঘটিকার মধ্যে কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে**"পিকআপ গাড়ী ঢাকা মেট্রো-ঠ-১৩-২৩৭৫ মেরামত করণের জন্য কোটেশন প্রদানের পুনঃ অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)"জন্য কোটেশন এবং আগামী ১১-০৪-২০২২ খ্রিঃতারিখ এবং সময় বেলা ১১:৩৫ এর আগে খোলা যাবে না"** লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমূহ ১১-০৪-২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট www.pbs1.naogaon.gov.bd এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. সন্তোষজনকভাবে গাড়ী মেরামত করনের পর বিল দাখিল সাপেক্ষ্যে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে।কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ **বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ এর প্রমানক কপি দাখিল করতে হবে।**

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা/কাজ সম্পন্ন করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে পিকআপ গাড়ী মেরামতের কাজ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৭. পিকআপ গাড়ী মেরামতের জন্য সকল যন্ত্রপাতি ও প্রয়োজনীয় লোকবল কাযাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সরবরাহ করতে হবে এবং নওগাঁ পবিসে এসে পিকআপ গাড়ী মেরামেতের কাজ সম্পূর্ন করতে হবে ।

১৮. নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতির-১ কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৫/০৪/২২

( মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
নওগাঁ পবিস-১।

অনুলিপিঃ নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
(বিজ্ঞপ্তির শর্তানুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত দরপত্র গ্রহণের সদয় অনুরোধ করা হলো)
০২। জেলা প্রশাসক, নওগাঁ।
০৩। পুলিশ সুপার, নওগাঁ।
০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ. নওগাঁ।
০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো. নওগাঁ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,--------------------------পবিস-১/২/৩/৪।
০৭। সকল ডিজিএম,নওগাঁ পবিস-১
০৮। সহঃজুনিয়ার ইঞ্জিনিয়ার/জুনিয়ার ইঞ্জিনিয়ার,আইটি, নওগাঁ পবিস-১।(ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য)
০৯। মের্সাস--------------------------------------------------------।
১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, নওগাঁ পবিস-১।
১১। অফিস/মাস্টার কপি।

05.04.22
(মোঃ আরিফুল ইসলাম)
এজিএম (প্রশাসন/এইচআর)অঃদাঃ।